

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪০.১১.১২.১৫- ২৬২

তারিখ ১২-০৩-২০১৬ খ্রিঃ

নিয়োগ পত্র

যুব উন্নয়ন অধিদপ্তরধীন 'টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন ছইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব)' শীর্ষক কারিগরী সহায়তা প্রকল্পের আওতায় মাসিক সর্বসাকুল্যে বেতন- ২৫,০০০/- প্রকল্পের প্রচলিত নিয়মানুযায়ী নিম্নবর্ণিত ব্যক্তিগণকে প্রশিক্ষক (কম্পিউটার) পদে প্রকল্প মেয়াদের জন্য নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগদান করা হলো :

ক্র.নং	নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	পদের নাম, মাসিক সর্বসাকুল্যে বেতন ও পদায়নকৃত কর্মস্থল
১।	মোঃ জামিল উদ্দিন মজুমদার মোঃ রমজান আলী মজুমদার মোছাঃ জাহানারা বেগম।	রাণীগঞ্জ বাজার, পোঃ জামালপুর, জামালপুর।	প্রশিক্ষক (কম্পিউটার) সর্বসাকুল্যে বেতন- ২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা)। মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২।	মোঃ জাফর হোসেন মোঃ মোশারফ হোসেন শবনম সুলতানা	১৭৫ মহেশ্বর পাশা, কান্তিকুল মেইন রোড, পোঃ কুয়েট, থানাঃ দৌলতপুর, জেলাঃ খুলনা	


০২। নিয়োগের শর্তসমূহঃ

- প্রকল্পে কর্মরত থাকাকালীন সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন এবং এ নিয়োগপত্রের শর্তাবলী অনুযায়ী প্রকল্পের মেয়াদ শেষে তা অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।
 - এ নিয়োগ প্রকল্পের মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে। প্রকল্পের মেয়াদ শেষে মেয়াদ বৃদ্ধি করা না হলে এ নিয়োগ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এর আগেও সুনির্দিষ্ট অভিযোগের কারণে বা কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল কিংবা তাকে চাকুরী হতে অব্যাহতি দিতে পারবেন।
 - চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে।
 - বর্তমানে অন্যত্র চাকুরীতে নিয়োজিত থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র অবশ্যই যোগদান পত্রের সাথে দাখিল করতে হবে।
 - আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন সনদপত্র অসত্য প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং এ প্রেক্ষিতে গৃহীত সকল আইনগত ব্যবস্থা মেনে নিতে বাধ্য থাকবে।
 - এ চাকুরীতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- ০৩। প্রধান কার্যালয়ে যোগদান করার পর যোগদানকৃত কর্মচারীকে এ প্রকল্পের আওতায় আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে দেশের সকল উপজেলায় প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ০৪। এ নিয়োগ আদেশ চাকুরীতে যোগদানের তারিখ হতে কার্যকর হবে। উল্লেখিত পদের বেতন-ভাতাদি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

২

অপর পাতা/২

- ০৫। যদি উপরোক্ত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তবে আগামী ২৪-০৩-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে তাকে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যোগদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান না করলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।



(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৯৩৮৯।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪০.১১.১২.১৫- ১১২

তারিখ : ২২-০৩-২০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ০১। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-প্রধান, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা।
- ০৫। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে নিয়োগ পত্রটি ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। জনাব -----।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি।


(আবুল হাছান খান)
যুগ্ম-সচিব
পরিচালক (পরিকল্পনা)
ও
প্রকল্প পরিচালক (অঃ দাঃ)
টেকাব প্রকল্প
ফোন ৯৫৬০৭০৩।